শেখ হাসিনার উদ্যোগ
ঘরে ঘরে বিদ্যুৎ
মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি
সিপাহীপাড়া, মুন্সীগঞ্জ ।
ISO 9001:2015 Certified
ফোনঃ ০২-৭৬১২৮৪৪,৭৬১১৭৪৭
ই-মেইল-mngpbs@yahoo.com

স্মারক নং-২৭.১২.৫৯৫৬.৫৬০.০১.০৩৮.২৩-১৩০০ তাং- ১৮/০১/২০২৩ খ্রিঃ

বিষয়ঃ- অগ্নি নির্বাপক যন্ত্র রিফিল করন সহ আনুষাঙ্গিক মালামাল সরবরাহের জন্য (RFQ) দরপত্র আহবান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতিতে অগ্নি নির্বাপক যন্ত্র সরবরাহের জন্য প্রকৃত প্রস্তুতকারী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে ''আর এফ কিউ (রিকোয়েষ্ট ফর কোটেশন)'' এর মাধ্যমে নিম্নোক্ত শর্তসাপেক্ষে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

| দরপত্র নং | মালামালের বিবরন | পরিমান | একক মূল্য | মোট মূল্য |
|---|---|---|---|---|
| ০৩-২২/২০২২-২০২৩ | ABC(০৬ কেজি) টাইপ অগ্নি নির্বাপক সিলিন্ডার রিফিলকরণ-১১৭ টি | ৭০২ কেজি | | |
| | CO2(০৫ কেজি) টাইপ অগ্নি নির্বাপক সিলিন্ডার রিফিলকরণ-১৯ টি | ৯০ কেজি | | |
| | ABC হেড বাল্ব (উন্নতমানের) | ৩৫ টি | | |
| | ABC Inner Pipe (উন্নতমানের) | ৪০ টি | | |
| | ABC Miter (উন্নতমানের) | ২০ টি | | |
| | ABC Hose Pipe (উন্নতমানের) | ৩৫ টি | | |
| | ABC Body Belt (উন্নতমানের) | ৫০ টি | | |

শর্তাবলীঃ

০১। আগ্রহী দরদাতাগন অফিস সময়ে উল্লেখিত ঠিকানা হতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবেন এবং দরপত্র বিজ্ঞপ্তি অত্র পবিসের ওয়েবসাইট www.pbs.munshiganj.gov.bd এ দেখতে পারবেন।

০২। দরপত্র আগামী ২৬/০১/২০২৩ খ্রিঃ তারিখ বেলা ১১:০০ ঘটিকার মধ্যে পবিসের সিপাহীপাড়াস্থ সদর দপ্তর এবং পরিচালক পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ) পরিদপ্তর এ রক্ষিত টেন্ডার বাক্সে গ্রহন করা হবে। দরপত্র সমুহ ঐ দিনই বেলা ১১:০৫ মিনিটের সময় উপস্থিত দরদাতা/প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র গ্রহন করা হবে না।

০৩। প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহর ও স্বাক্ষর সংযুক্ত করে খামে সীল গালা ব্যবহার পূর্বক দর দাখিল করতে হবে। দরপত্রে কোন প্রকার কাটাকাটি ঘষামাজা এবং ফ্লুইড ব্যবহার গ্রহনযোগ্য হবে না। দরপত্রের সহিত হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনদপত্র, ভ্যাট রেজিষ্ট্রেশন, ব্যাংক সলভেন্সি সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

০৪। সরবরাহকারী প্রতিষ্ঠান নিজেরা কেমিক্যাল উৎপাদন করলে তাদের কে বি এস টি আই এর সি এম লাইসেন্সধারী হতে হবে। কেমিক্যাল আমদানী কারকদের আমদানী স্বপক্ষে কাগজপত্র দাখিল করতে হবে।

০৫। দরদাতার উল্লেখিত দর এই মালের বিপরীতে পরিশোধযোগ্য সকল প্রকার শুল্ক/কর বা অন্যান্য ব্যয় অন্তর্ভূক্ত করে উদ্ধৃত হয়েছে বলে গন্য হবে।

০৬। প্রয়োজনে দরপত্র দাখিলের পূর্বে পবিস এ সংরক্ষিত অগ্নি নির্বাপক যন্ত্র এর নমুনা পরিদর্শন করা যাবে।

০৭। মালামালের পরিমান কম/বেশী করার ক্ষমতা পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

০৮। অগ্নি নির্বাপক যন্ত্র রিফিল করন ও নতুন সিলিন্ডার সরবরাহ করে নির্ধারিত স্থানে আনার পর যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক গুনগত মান যাচাই পূর্বক গ্রহন করা হবে। গুনগত মানসম্পন্ন না হলে গ্রহন করা হবে না।

০৯। দরদাতা প্রতিষ্ঠানকে উদ্ধৃত মোট মূল্যের উপর প্রযোজ্য হারে ভ্যাট/ ট্যাক্স প্রদান করতে হবে।

১০। মালামাল প্রাপ্তির পর মালমালের গুনগতমান প্রত্যয়ন স্বাপেক্ষে এবং সরকারী বিধি মোতাবেক সকল প্রকার কর ও ভ্যাট কর্তন পূর্বক একাউন্টস পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।

১১। কার্যাদেশে উল্লেখিত নির্দিষ্ট সময়ের মধ্যে মুন্সীগঞ্জ পবিসের সদর দপ্তরে মালামাল সরবরাহ করতে হবে। ঐ নির্দিষ্ট সময়ে আপনি মালামাল সরবরাহে ব্যর্থ হলে আপনার বিরুদ্ধে জরিমানা আরোপ সহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে।

১২। নির্দিষ্ট সময়ের মধ্যে মালামাল সরবরাহে ব্যর্থ হলে প্রতিদিনের বিলম্বের জন্য কার্যাদেশে উল্লেখিত মোট মূল্যের ১% এর $\frac{১}{১০}$ অংশ হিসেবে জরিমানা কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট মূল্যের ১০% এর অধিক হবে না।

১৩। দরপত্রে উদ্ধৃত একক দর ও মোট দর স্পষ্টাক্ষরে লিখতে হবে। কোন প্রকার কাটাকাটি ঘষামাঝা এবং ফ্লুইড ব্যবহার গ্রহণ যোগ্য হবে না। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন/সকল দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

১৪। দরপত্রের সাথে সংযুক্ত সকল দলিলাদিতে দরদাতার সীল মোহর যুক্ত স্বাক্ষর থাকতে হবে।

১৫। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে। শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(শেখ মোহাম্মদ আলী)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ- (নোটিশ বোর্ডে বহুল প্রচারের অনুরোধ সহ)।

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ), বাপবিবো, ঢাকা (নির্ধারিত তারিখে দরপত্র গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
০২। জেলা প্রশাসক/পুলিশ সুপার, মুন্সীগঞ্জ।
০৩। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, মুন্সীগঞ্জ (নির্ধারিত সময়ে দরপত্র মূল্যায়নের জন্য প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
০৪। সিনিয়ির জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.........................পবিস-১/২/৩।
০৫। নির্বাহী প্রকৌশলী, (এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ), মুন্সীগঞ্জ।
০৬। ডিজিএম (টংগীবাড়ী/সিরাজদিখান/মুন্সীগঞ্জ/শ্রীনগর/লৌহজং), জোনাল অফিস, মুপবিস।
০৭। এজিএম (ইএন্ডসি/সদস্য সেবা/ওএন্ডএম/অর্থ-রাজস্ব/অর্থ-হিসাব), মুপবিস।
০৮। সহকারী প্রকৌশলী, বাপবিবো, মুন্সীগঞ্জ (নির্ধারিত সময়ে দরপত্র মূল্যায়নের জন্য উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো)।
০৯। নোটিশ বোর্ড/অফিস কপি/মাষ্টার কপি।

(শেখ মোহাম্মদ আলী)
জেনারেল ম্যানেজার